

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
সরকারি কলেজ-৩ অধিশাখা
www.shed.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৮.২৭.০২৪.২১. ৫৫৯

তারিখ: ২৫ আশ্বিন ১৪২৮
৩০ সেপ্টেম্বর ২০২১

অভিযোগনামা


আপনি জনাব মোছা: সুলতানা রাবেয়া (২৪৫১৫), প্রভাষক (রাষ্ট্রবিজ্ঞান), সরকারি এম এম আলী কলেজ, কাগমারী, টাঙ্গাইল।

যেহেতু, আপনি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের ১৮-০৮-২০১৮ খ্রিষ্টাব্দের ৩৭.০২.০০০০.১০৪.০২৫.১৫.২০-২০৯ নং স্মারকের প্রজ্ঞাপন মোতাবেক আপনার স্বামীর সাথে সাক্ষাতের উদ্দেশ্যে ০৪-১০-২০১৮ তারিখ হতে ১৪-১২-২০১৮ তারিখ পর্যন্ত ৭২ (বাহাত্তর) দিন অর্ধগড় বেতনে অর্জিত ছুটি এবং ১৫-১২-২০১৮ খ্রি. হতে ৩১-১২-২০১৮ খ্রি. পর্যন্ত ১৭ (সতের) দিন অবকাশকালীন ছুটিসহ মোট ৮৯ (উননব্বই) দিন ছুটি নিয়ে অস্ট্রেলিয়াতে গমন করেন। কিন্তু ছুটির মেয়াদ শেষ হওয়া সত্ত্বেও আপনি ০১-০১-২০১৯ খ্রিষ্টাব্দ হতে ২৭-১১-২০২০ খ্রিষ্টাব্দ পর্যন্ত মোট ০১ (এক) বছর ১০ (দশ) মাস ২৭ (সাতাশ) দিন বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন;

যেহেতু, প্রজ্ঞাতন্ত্রের একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে আপনার উক্তরূপ কার্যকলাপ সরকারি চাকরির শৃঙ্খলা ও আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) ও ৩ (গ) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ।;

সেহেতু, আপনাকে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) ও ৩ (গ) অনুযায়ী “অসদাচরণ” ও “পলায়ন”এর অভিযোগে অভিযুক্ত করা হলো। আপনার বিরুদ্ধে বর্ণিত বিধি ৪(১) এর আওতায় কেন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না, তার কারণ এ বিধির ৭(১)(খ) ধারা অনুযায়ী অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট লিখিতভাবে প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো। আপনি আত্মপক্ষ সমর্থনে কোন ব্যক্তিগত শুনানি চান কি-না তাও আপনার জবাবে উল্লেখ করার জন্য বলা হলো।

যে অভিযোগ বিবরণীর ভিত্তিতে এ অভিযোগনামা প্রস্তুত করা হয়েছে তার অনুলিপি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।


(মোঃ মাহবুব হোসেন)
সচিব

স্থায়ী ঠিকানা:

জনাব মোছা: সুলতানা রাবেয়া (২৪৫১৫)

পিতা- কে. এম. আব্দুর রাজ্জাক

মাতা-মোছা: আলিয়া বেগম

গ্রাম-উধুনিয়া

ডাকঘর- উধুনিয়া, থানা+জেলা-সিরাজগঞ্জ।

বর্তমান ঠিকানা:

জনাব মোছা: সুলতানা রাবেয়া (২৪৫১৫)

প্রভাষক (রাষ্ট্রবিজ্ঞান), সরকারি এম এম আলী কলেজ, কাগমারী, টাঙ্গাইল।

অনুলিপি:

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।


২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

অভিযোগবিবরণী

জনাব মোছা: সুলতানা রাবেয়া (২৪৫১৫), প্রভাষক (রাষ্ট্রবিজ্ঞান), সরকারি এম এম আলী কলেজ, কাগমারী, টাঙ্গাইল।

যেহেতু, তিনি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের ১৮-০৮-২০১৮ খ্রিষ্টাব্দের ৩৭.০২.০০০০.১০৪.০২৫.১৫.২০-২০৯ নং স্মারকের প্রজ্ঞাপন মোতাবেক তাঁর স্বামীর সাথে সাক্ষাতের উদ্দেশ্যে ০৪-১০-২০১৮ তারিখ হতে ১৪-১২-২০১৮ তারিখ পর্যন্ত ৭২ (বাহাত্তর) দিন অর্ধগড় বেতনে অর্জিত ছুটি এবং ১৫-১২-২০১৮ খ্রি. হতে ৩১-১২-২০১৮ খ্রি. পর্যন্ত ১৭ (সতের) দিন অবকাশকালীন ছুটিসহ মোট ৮৯ (উননব্বই) দিন ছুটি নিয়ে অস্ট্রেলিয়াতে গমন করেন। কিন্তু ছুটির মেয়াদ শেষ হওয়া সত্ত্বেও আপনি ০১-০১-২০১৯ খ্রিষ্টাব্দ হতে ২৭-১১-২০২০ খ্রিষ্টাব্দ পর্যন্ত মোট ০১ (এক) বছর ১০ (দশ) মাস ২৭ (সাতাশ) দিন বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন;

যেহেতু, প্রজাতন্ত্রের একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে তাঁর উক্তরূপ কার্যকলাপ সরকারি চাকরির শৃঙ্খলা ও আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) ও ৩ (গ) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ।


(মোঃ মাহবুব হোসেন)
সচিব